# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫৬ তারিখঃ ০৩/০৮/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

**"টঙ্গীর বিশ্ব ইজতিমা ময়দান সংলগ্ন তুরাগ নদীর পশ্চিম পাড়ে সংযোগ সড়ক ও মুসল্লদীর ব্যবহারের জন্য ঘাটলা নির্মাণ"** শীর্ষক কাজ বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন/কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মসিহুর রহমান ঠাকুর, উপ-প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ পরিবেশ অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গাজীপুর সিটি কর্পোরেশন এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্প এলাকায় রানাভোলা মৌজায় টঙ্গীর বিশ্ব ইজতিমা ময়দানসংলগ্ন তুরাগ নদীর পশ্চিম পাড়ে বেড়ী বাঁধ হতে নদী পর্যন্ত চলাচলের উপযোগী বিদ্যমান/সম্ভাব্য সংযোগ সড়ক ও নদীর পাড়ে মুসল্লীদের ব্যবহারের জন্য ঘাটলা নির্মাণের উপযোগিতা নিরূপণ করে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) তুরাগ নদীর পশ্চিম পাড়ে বেড়ী বাঁধ হতে নদী পর্যন্ত চলাচলের উপযোগী বিদ্যমান/সম্ভাব্য সংযোগ সড়ক ও নদীর পাড়ে ঘাটলা নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) বর্ষা মৌসুমের আগেই সংযোগ সড়ক ও নদীর পাড়ে ঘাটলা নির্মাণ কাজ শেষ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

ঙ) নদীর তীর বরাবর ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন;

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ট) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৩/০৮/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

E:\ADG (Planning)\Forwarding. Notesheet & Office Order_2022\Office Order_2022_Committee.docx

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ মসিহুর রহমান ঠাকুর, উপ-প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।